# পানি সম্পদ মন্ত্রণালয়ের গবেষণা নীতিমালা-২০২৫

রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট
পানি সম্পদ মন্ত্রণালয়

তাহমিনা আক্তার রেইনা
সিনিয়র সহকারী সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সূচিপত্র


প্রথম অধ্যায় : ভূমিকা

দ্বিতীয় অধ্যায় : গবেষণা কার্যক্রমের প্রাক-ব্যবস্থাপনা

তৃতীয় অধ্যায় : গবেষণা কার্যক্রমের আর্থিক ব্যবস্থাপনা

চতুর্থ অধ্যায় : সংস্থা পর্যায়ে গবেষণা কার্যক্রম পরিচালনা

পঞ্চম অধ্যায় : গবেষণায় সহযোগিতা, প্রচার এবং বিবিধ

# প্রথম অধ্যায়: ভূমিকা

পানি সম্পদ মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থা/প্রতিষ্ঠানসমূহ (বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, নদী গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, যৌথ নদী কমিশন, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং, সি ই জি আই এস) কর্তৃক পানি সম্পদের সমন্বিত উন্নয়ন, ব্যবস্থাপনা, আহরণ, ব্যবহার, সুরক্ষা ও সংরক্ষণ বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা এবং গবেষণালব্ধ জ্ঞান নীতি-নির্ধারণী ক্ষেত্রে প্রয়োগের লক্ষ্যে এই নীতিমালা প্রণয়ন করা হলো।

## ১.১ সংক্ষিপ্ত শিরোনাম

এই নীতিমালা **'পানি সম্পদ মন্ত্রণালয়ের গবেষণা নীতিমালা'** নামে অভিহিত হবে।

উল্লেখ্য, এই নীতিমালা কেবলমাত্র পানি সম্পদ মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থা/প্রতিষ্ঠানসমূহে পরিচালিত গবেষণার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

## ১.২ নীতিমালার লক্ষ্য

পানি সম্পদ মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থাসমূহের অধিক্ষেত্র অনুযায়ী বাংলাদেশের পানি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ভিত্তক গবেষণা কার্যক্রম পরিচালনা করা।

## ১.৩ নীতিমালার উদ্দেশ্য

(ক) সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা পরিচালনা করা এবং তথ্য-উপাত্ত ও ফলাফল কাজে লাগিয়ে প্রচলিত কর্মপদ্ধতি সহজীকরণ ও প্রাতিষ্ঠানিক উন্নয়ন সাধন;

(খ) সরকারের রূপকল্প, অভিলক্ষ্য, উন্নয়ন দর্শন, উন্নয়ন পরিকল্পনা বিষয়ক গবেষণা পরিচালনা;

(গ) স্থানীয়/আঞ্চলিক/আন্তর্জাতিক পর্যায়ে পানি সম্পদ সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা পরিচালনা;

(ঘ) উন্নয়ন প্রকল্প বা কর্মসূচি বাস্তবায়ন, মূল্যায়ন, পরিবীক্ষণ-সম্পর্কিত বিষয় এবং দেশের পানি সম্পদ ব্যবস্থাপনার সার্বিক উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা বিষয়ক গবেষণা পরিচালনা এবং পানি সম্পদ ব্যবস্থাপনায় দক্ষতা অর্জনে নতুন উদ্ভাবনী ধারণা ও প্রয়োগ পদ্ধতি অনুসন্ধান;

(ঙ) পানি সম্পদ মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থা কর্তৃক পরিচালিত কার্যক্রমের গুণগত মানোন্নয়ন;

(চ) পানি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম গ্রহণ ও উৎসাহ প্রদান;

(ছ) দেশীয়/আন্তর্জাতিক সংস্থা ও প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে বুদ্ধিবৃত্তিক/কারিগরি সহায়তা ও অর্থায়নে (সম্পূর্ণ বা আংশিক) গবেষণা পরিচালনা।

## ১.৪ গবেষণা নীতিমালার প্রয়োগ ও পরিবর্তন

(ক) পানি সম্পদ মন্ত্রণালয়ের পরিচালন বাজেট, উন্নয়ন বাজেট, প্রকল্প বাজেট এবং দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক প্রক্রিয়ায় প্রাপ্ত ও অন্য যে কোনো উৎস হতে প্রাপ্ত অর্থের দ্বারা পরিচালিত গবেষণা কর্মের জন্য এই গবেষণা নীতিমালা প্রযোজ্য হবে;

(খ) নীতিমালার সাথে সংযুক্ত পরিশিষ্ট ও সংযোজনী এই নীতিমালার অংশ হিসেবে বিবেচিত হবে।

(গ) পরিবর্তিত সময়ের চাহিদা অনুযায়ী কিংবা উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় গবেষণা নীতিমালা (তফসিল, পরিশিষ্ট ও সংযোজনীসহ) পরিবর্তন, পরিমার্জন, সংশোধনের প্রয়োজন হলে, গবেষণা কমিটির সুপারিশক্রমে সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় উক্ত পরিবর্তন অনুমোদন করবেন।

## দ্বিতীয় অধ্যায়: গবেষণা কার্যক্রমের প্রাক-ব্যবস্থাপনা

### ২.১ গবেষণা কমিটি

গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নরূপ একটি গবেষণা কমিটি থাকবে—

| | | |
|---|---|---|
| i. | অতিরিক্ত সচিব (উন্নয়ন) | সভাপতি |
| ii. | যুগ্ম সচিব (সকল) | সদস্য |
| iii. | সংস্থা প্রধান (সকল) | ,, |
| iv. | বিষয় ভিত্তিক বিশেষজ্ঞ - ২ জন | ,, |
| v. | স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধি- ১জন | ,, |
| vi. | অর্থায়নকারী সংস্থা/ প্রতিষ্ঠানের প্রতিনিধি (দেশী/বিদেশী অর্থায়নের ক্ষেত্রে) (প্রযোজ্য হলে) | ,, |
| vii. | যুগ্মসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

* কমিটি প্রয়োজনে সদস্য কো-অপট করতে পারবে।

### ২.২ গবেষণা কমিটির কার্যপরিধি

(১) গবেষণা প্রস্তাব আহবান করা;

(২) প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহ পর্যালোচনা করা ও অনুমোদনের জন্য সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় এঁর নিকট সুপারিশ করা;

(৩) গবেষণা প্রতিবেদন অনুমোদন করা ও গবেষণা প্রতিবেদন প্রকাশনা সম্পর্কে অভিমত প্রদান করা;

(৪) সময়ে সময়ে পরিবর্তন কিংবা উদ্ভূদ পরিস্থিতি মোকাবেলার প্রয়োজনে গবেষণা নীতিমালা পরিবর্তন, পরিমার্জন ও সংশোধনের সুপারিশ করা;

(৫) গবেষণা সংক্রান্ত কার্যক্রম সমন্বয় ও নিয়মিত তদারকি করা;

(৬) গবেষণা প্রস্তাব ও গবেষণা প্রতিবেদনের মূল্যায়নকারী নির্ধারণ;

(৭) গবেষণা কার্যক্রম সরেজমিন পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

### ২.৩ গবেষণা কার্যক্রম অনুমোদন

সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় গবেষণা কমিটির সুপারিশসমূহ চূড়ান্ত অনুমোদন প্রদান করবেন।

### ২.৪ গবেষণার ক্ষেত্র

১. বাংলাদেশের পানি সম্পদের উন্নয়ন সংশ্লিষ্ট বিবিধ বিষয়;

২. পানি সম্পদ মন্ত্রণালয়ের অধিক্ষেত্রের বিষয়সমূহ, যেমন-নদী ভাঙ্গন, নদী তীর সংরক্ষণ, নদীর গতিপথ, পলল ব্যবস্থাপনা, বন্যা ব্যবস্থাপনা, হাওড় ও জলাভূমি উন্নয়ন, ভূগর্ভস্থ ও ভূ-পরিস্থ পানির ব্যবহার, পানির গুণগত মান পর্যবেক্ষণ ইত্যাদি;

৩. পানি সম্পদ ব্যবস্থাপনার নিমিত্ত সাম্প্রতিক/ঐতিহাসিক প্রেক্ষাপটে আলোচিত ও গুরুত্বপূর্ণ ইস্যু ;

৪. পানি ব্যবস্থাপনায় সুশাসন ও নাগরিক সেবা সংক্রান্ত বিষয়সমূহ;

৫. জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব পর্যালোচনামূলক গবেষণা;

৬. টেকসই পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য আধুনিক ও তথ্য প্রযুক্তি নির্ভর সমাধান;

৭. পরিবেশগত, সামাজিক ও আর্থ-সামাজিক প্রভাব নির্ণয় সংক্রান্ত;

৮. পানি বা পানি সম্পদ সংক্রান্ত প্রাকৃতিক দূর্যোগ, যেমন- বন্যা, খরা, লবণাক্ততা, সাইক্লোন, জলোচ্ছাস ইতাদি এবং এ সংক্রান্ত মানবসৃষ্ট দূর্যোগ;

৯. টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) বাস্তবায়নকল্পে পানি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন সংক্রান্ত বিষয়াবলী;

১০. বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ সংশ্লিষ্ট বিষয়সমূহ;

১১. মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত যেকোন জনগুরূত্বপূর্ণ ও সমসাময়িক ইস্যু।

**২.৫ বাজেট অনুসারে গবেষণা কার্যক্রমের ধরণ**

অনুমোদিত বাজেট অনুসারে গবেষণা কার্যক্রম তিনটি আর্থিক সীমার মধ্যে পরিচালিত হবে -

(ক) ক-শ্রেণির গবেষণা: ৩৫,০০,০০১.০০ (পঁয়ত্রিশ লক্ষ এক) টাকা থেকে ৫০,০০,০০০.০০ (পঁঞ্চাশ লক্ষ) টাকা বাজেট সম্পন্ন গবেষণা প্রস্তাব;

(খ) খ-শ্রেণির গবেষণা: ২৫,০০,০০১.০০ (পঁচিশ লক্ষ এক) টাকা থেকে ৩৫,০০,০০০.০০ (পঁয়ত্রিশ লক্ষ) টাকা পর্যন্ত বাজেট সম্পন্ন গবেষণা প্রস্তাব; এবং

(গ) গ-শ্রেণির গবেষণা: অনুর্ধ্ব ২৫,০০,০০০.০০ (পঁচিশ লক্ষ) টাকার বাজেট সম্পন্ন গবেষণা প্রস্তাব; কমিটির সুপারিশক্রমে সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় গবেষণা কার্যক্রমের আর্থিক পরিধি পুনঃনির্ধারণ করতে পারবেন।

**২.৬ গবেষণা কার্যক্রমের মেয়াদ**

গবেষণা কার্যক্রমের মেয়াদ হবে—

i. ক-শ্রেণির গবেষণা : অনূর্ধ্ব ২৪ মাস;

ii. খ-শ্রেণির গবেষণা : অনূর্ধ্ব ১৮ মাস; এবং

iii. গ-শ্রেণির গবেষণা : অনূর্ধ্ব ১২ মাস।

**২.৭ গবেষণা কার্যক্রম পরিচালনার সময়সূচি**

(ক) গবেষণা বরাদ্দ প্রাপ্তির অর্থবছর শুরুর পূর্বে নিম্নরূপ সময়সূচি অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে—

| ক্রমিক | কার্যক্রম | মাসের নাম |
|---|---|---|
| ১.১<br>১.২ | গবেষণা প্রস্তাব আহ্বান সংক্রান্ত সভা আহবান;<br>সভা পরবর্তী ধাপে গবেষণা প্রস্তাব আহবানের লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ এবং ওয়েব সাইটে প্রকাশ | ফেব্রুয়ারি- মার্চ (পূর্ববর্তী অর্থবছর) |
| ২.১<br>২.২ | গবেষণা প্রস্তাব প্রাপ্তির পর গবেষণা কমিটি কর্তৃক পানি সম্পদ মন্ত্রণালয়ের গবেষণা নীতিমালার বিধানসমূহের সঙ্গে গবেষণা প্রস্তাবের সামঞ্জস্য যাচাই-বাছাইপূর্বক প্রাথমিক খসড়া তালিকা প্রস্তুতকরণ;<br>গবেষণা প্রস্তাবভিত্তিক উপস্থাপনার জন্য সভা আহবান; | এপ্রিল |
| ৩.১<br>৩.২ | চূড়ান্ত গবেষণা প্রস্তাব বাছাই;<br>বাছাইকৃত গবেষণা প্রস্তাবসমূহের সম্ভাব্য ব্যয়, একাধিক অর্থবছরব্যাপী চলমান গবেষণার জন্য প্রয়োজনীয় অর্থ, সম্মানি খাতের সম্ভাব্য ব্যয় ও অন্যান্য ব্যয়সহ গবেষণা উপখাতে প্রয়োজনীয় রাজস্ব বাজেট বরাদ্দের জন্য বাজেট শাখায় প্রেরণ; | ২০ মে |
| ৪ | চূড়ান্ত গবেষণা প্রস্তাব অনুমোদন সংক্রান্ত অফিস আদেশ জারি; | জুন / ১ম সপ্তাহ |
| ৫ | গবেষণা সংস্থা/ গবেষক/ গবেষণা দলের অনুকূলে অর্থ ছাড়<br>১ম কিস্তি (অগ্রিম ৩০%) (Inception report প্রাপ্তির পর)<br>২য় কিস্তি (১ম অগ্রগতি প্রতিবেদন প্রাপ্তির পর)<br>৩য় কিস্তি (চূড়ান্ত প্রতিবেদন প্রাপ্তির পর) | প্রকল্পের মেয়াদ অনুযায়ী ও অর্থছাড়ের শর্ত অনুযায়ী প্রাপ্য |
| ৬ | গবেষণা কার্যক্রম সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন দাখিল- | অনুচ্ছেদ ৩.৪ এর (ক) অনুযায়ী কার্যক্রম গহণ করা হবে |
| ৭ | চূড়ান্ত গবেষণা প্রতিবেদন ও সকল বিল ভাউচার দাখিল | প্রকল্প সমাপ্ত হওয়ার নির্ধারিত সময়ের ১ (এক) মাস পূর্বে |
| ৮ | সেমিনার/ওয়ার্কশপ আয়োজন | চূড়ান্ত প্রতিবেদন দাখিলের পূর্বে সুবিধামত সময়ে |

* যৌক্তিক কারণে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে গবেষণা আহবান ও অন্যান্য সময়সূচি পরিবর্তন হতে পারে।

**২.৮ গবেষকগণের যোগ্যতা নির্ধারণ সম্পর্কিত বিষয়াবলী**

(ক) পানি সম্পদ খাতে কর্ম অভিজ্ঞতা সম্পন্ন গবেষণা সংস্থা/ ব্যক্তি/ অনুরূপ প্রতিষ্ঠানে কর্মরত/ অনুরূপ অভিজ্ঞতা সম্পন্ন প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত ব্যক্তিবর্গ এবং পানি সম্পদ খাতে অভিজ্ঞ

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, পানি সম্পদ খাতে নিযুক্ত গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিবর্গ, এমফিল ও পিএইচডি গবেষকগণ প্রস্তাব দাখিল করতে পারবেন;

(খ) গবেষণা সংস্থা/ ব্যক্তি কর্তৃক দলগত/প্রাতিষ্ঠানিকভাবে গবেষণা প্রস্তাব দাখিল করা যাবে, তবে যৌথ গবেষণাকে উৎসাহিত করা হবে;

(গ) একই ধরনের বা গুরুত্বের প্রস্তাবের ক্ষেত্রে পানি সম্পদ খাতে কর্ম অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান এবং পানি সম্পদ ব্যবস্থাপনা খাতে একাডেমিক ডিগ্রিধারী ব্যক্তি/পানি সম্পদ ব্যবস্থাপনা খাতে কার্যক্রম পরিচালনাকারি প্রতিষ্ঠান প্রাধান্য পাবে;

(ঘ) গবেষণা কমিটি গবেষণা সংস্থার সুনাম, গবেষণাদলের গবেষক এবং সহ-গবেষকের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং গবেষণা প্রকাশনার ভিত্তিতে গবেষণা প্রস্তাব সুপারিশের সিদ্ধান্ত গ্রহণ করবে;

(ঙ) সরকারি/বেসরকারি খাতে কর্মরত ব্যক্তিগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমতি সহকারে প্রস্তাব দাখিল করতে হবে; তবে পানি সম্পদ মন্ত্রণালয়ে কর্মরত কোন ব্যক্তি আবেদনের উপযুক্ত হবেন না।

### ২.৮.১ প্রধান গবেষকের যোগ্যতা

ক) কমপক্ষে সহযোগী অধ্যাপক অথবা ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (Senior Scientific Officer) বা সমমানের পদের কর্মকর্তা হতে হবে;

খ) সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

গ) কমপক্ষে ১টি গবেষণা প্রকল্প সম্পন্ন করেছেন;

ঘ) আন্তর্জাতিকভাবে স্বীকৃত জার্নালে/কনফারেন্সে কমপক্ষে ৫টি প্রকাশনা থাকতে হবে;

ঙ) পিএইচডি ডিগ্রি থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচ্য হবে।

### ২.৮.২ সহযোগী গবেষকের যোগ্যতা

ক) কমপক্ষে প্রভাষক অথবা বৈজ্ঞানিক কর্মকর্তা বা সমমানের পদের কর্মকর্তা হতে হবে;

খ) সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

গ) কমপক্ষে ২টি প্রকাশনা থাকতে হবে;

ঘ) পিএইচডি ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচ্য হবে।

### ২.৮.৩ গবেষক ও সহ-গবেষকগণের অযোগ্যতা

ক) একই সময় অন্য কোনো বিশ্ববিদ্যালয়/সংস্থা/সরকারি প্রতিষ্ঠানের আওতায় গবেষণারত থাকলে;

খ) চাকরিবিধি বা প্রচলিত আইনের আওতায় শাস্তিপ্রাপ্ত হলে;

গ) বুদ্ধিবৃত্তিক বা নৈতিক অসততার অভিযোগ প্রমাণিত হলে;

ঘ) গবেষণা কমিটি কর্তৃক ইতোপূর্বে অযোগ্য বিবেচিত হয়ে থাকলে অযোগ্যতার কারণ বিদ্যমান থাকা পর্যন্ত;

ঙ) একই বিষয়ে ইতোমধ্যে কমিটির বিবেচনায় একাধিক গবেষণা সম্পন্ন করে থাকলে;

চ) সরকারের পলিসি এবং বাংলাদেশের ভাবমূর্তির সঙ্গে অসঙ্গতিপূর্ণ গবেষণা প্রস্তাব দাখিল করলে।

## ২.৯ গবেষণা প্রস্তাবের কাঠামো

গবেষণা প্রস্তাব জনস্বার্থ সংশ্লিষ্ট এবং সরকারের নীতি-কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। অনধিক ১০০০ শব্দের (গবেষকের জীবনবৃত্তান্ত ও রেফারেন্স ব্যতীত) গবেষণা প্রস্তাবে নিম্নের বিষয়সমূহ অন্তর্ভুক্ত হবে —

i. ভূমিকা/গবেষণা সমস্যা;
ii. গবেষণার যৌক্তিকতা;
iii. গবেষণার উদ্দেশ্য;
iv. গবেষণার পরিধি;
v. গবেষণা পদ্ধতি (বিবরণসহ);
vi. বিশ্লেষণ/উপাত্ত উপস্থাপন পরিকল্পনা;
vii. কর্মপরিকল্পনা/সময়সীমা;
viii. গবেষণা কর্মটির সম্ভাব্য প্রভাব এবং সরকারের বিদ্যমান পরিকল্পনা ও উন্নয়নের সাথে সম্পৃক্ততা;
ix. বাজেট বিভাজন;
x. রেফারেন্স তালিকা;
xi. গবেষণা সংস্থার প্রোফাইল/ গবেষণা দলের গবেষক, সহ-গবেষক (গণ)-এর জীবনবৃত্তান্ত।

### ২.৯.১ গবেষণা প্রস্তাব বাছাইকালে প্রযোজ্য শর্তাবলী

১. গবেষক/গবেষকগণ নির্ধারিত কাঠামো অনুসারে অনধিক ১০০০ শব্দের মধ্যে (গবেষকের জীবনবৃত্তান্ত ও রেফারেন্স ব্যতীত) গবেষণা প্রস্তাব দাখিল করবেন। পানি সম্পদ মন্ত্রণালয় নির্ধারিত কাঠামো (পরিশিষ্ট-১) সময়ে সময়ে পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে।

২. গবেষণা প্রস্তাবের সাথে আবশ্যিকভাবে গবেষণা দলের সদস্যদের নাম (পরিশিষ্ট-২) এ উল্লিখিত গবেষণা দলে অন্তর্ভুক্তির সম্মতি জ্ঞাপনপত্রসহ, গবেষণা বাজেট বিভাজন (পরিশিষ্ট-৩ এ উল্লিখিত মডেল বাজেট) দাখিল করতে হবে। উল্লেখ্য, গবেষণা দলে অন্তর্ভূক্ত সকল সদস্যের স্বাক্ষর সম্বলিত একটি সম্মতি জ্ঞাপনপত্র সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট গবেষণা প্রস্তাবে সংযুক্ত করতে হবে। সম্মতি জ্ঞাপনপত্রে গবেষণার শিরোনাম, অর্থবছর ও গবেষণা দলের সদস্যগণের নাম ও স্বাক্ষর থাকবে (পরিশিষ্ট-২)।

৩. দাখিলকৃত গবেষণা প্রস্তাবের বিষয়ে গবেষক কর্তৃক পূর্বে অন্য কোথাও গবেষণা সম্পন্ন হয়ে থাকলে অথবা চলমান থাকলে, একই বিষয়ে গবেষণা প্রস্তাব দাখিল করা যাবে না। এরূপ ক্ষেত্রে গবেষণা প্রস্তাব বাতিল করা হবে এবং পানি সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট গবেষকের বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে। তবে কোনো গবেষণার ফলাফলের ওপর বৃহৎ পরিসরে কিংবা ধারাবাহিকতা রক্ষার্থে প্রস্তাব দাখিল করা যাবে। এক্ষেত্রে গবেষণা প্রস্তাবের সাথে যথাযথ প্রমানক সংযুক্ত করাসহ বিষয়টি প্রস্তাবে উল্লেখ করতে হবে।

৪. গবেষকগণ কর্তৃক 'অন্য কোনো সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠানে প্রস্তাবিত গবেষণার বিষয় সংশ্লিষ্ট কোনো গবেষণা প্রস্তাব জমা/দাখিল করা হয়নি' মর্মে ঘোষণাপত্র দাখিল করতে হবে (পরিশিষ্ট-৪)।

৫. প্রতিটি গবেষণা প্রস্তাবে in-text citation সহ কমপক্ষে ১৫টি রেফারেন্স (হার্ভার্ড স্টাইল)লিস্ট থাকতে হবে।

৬. সকল গবেষণা প্রস্তাব বিজ্ঞপ্তিতে উল্লিখিত সর্বশেষ তারিখের পূর্বেই নির্ধারিত পদ্ধতিতে দাখিল সম্পন্ন করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন গবেষণা প্রস্তাব গ্রহণযোগ্য হবে না।

৭. সকল গবেষণা প্রস্তাব আবশ্যিকভাবে যথাযথ কর্তৃপক্ষ/প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল করতে হবে। অন্যথায় প্রস্তাবটি বিবেচনা করা হবে না।

৮. গবেষণা প্রস্তাব আবশ্যিকভাবে কুম্ভীলকবৃত্তি (Plagiarism) পরিহারপূর্বক প্রণয়ন করতে হবে এবং এ মর্মে অঙ্গীকারনামা সংযুক্ত করতে হবে (পরিশিষ্ট-৫)।

৯. গবেষণা প্রস্তাব দাখিলকারী গবেষক সাদৃশ্য সূচক (similarity index) পরীক্ষা করবেন এবং গবেষণা প্রস্তাবের সাথে সাদৃশ্য সূচক রিপোর্টটি সংযুক্ত করবেন। সাদৃশ্য সূচক ১৫% এর বেশি গ্রহণযোগ্য নয় এবং একক উৎস হতে ২% এর বেশি সাদৃশ্য গ্রহণযোগ্য হবে না।

১০. গবেষক/গবেষণা সংস্থা/ গবেষণা দলের সদস্য কর্তৃক পূর্ববর্তী কোনো অর্থবছরে গৃহীত কোনো গবেষণা প্রকল্প চলমান থাকলে এবং উক্ত গবেষণার চূড়ান্ত প্রতিবেদন দাখিল না হয়ে থাকলে, তিনি নতুন গবেষণা প্রস্তাব দাখিল করতে পারবেন না।

### ২.৯.২ গবেষণা প্রস্তাব মূল্যায়ন

১. গবেষণা প্রস্তাব যথাযথ কাঠামো অনুসরণ করে প্রণয়ন করা হয়েছে কি-না তা প্রাথমিকভাবে বাছাই করা হবে।

২. প্রাথমিক বাছাই-এর উদ্দেশ্যে সচিব কর্তৃক অনুমোদিত একাধিক কর্মকর্তা সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে গবেষণা প্রস্তাব প্রাথমিকভাবে যাচাই-বাছাই করা হবে।

৩. বিজ্ঞপ্তি অথবা এই নীতিমালার ব্যত্যয় ঘটিয়ে গবেষণা প্রস্তাব দাখিল করা হলে, গবেষণা প্রস্তাব প্রাথমিকভাবেই বাতিল বলে বিবেচিত হবে।

৪. প্রাথমিকভাবে পর্যালোচনাপূর্বক বাছাইকৃত গবেষণা প্রস্তাব মূল্যায়নের জন্য বিবেচিত হবে। তবে গবেষণা কমিটি প্রাথমিকভাবে বাছাইকৃত যেকোনো গবেষণা প্রস্তাব বাজেট স্বল্পতা, আবেদন স্বল্পতা, প্রয়োজনীতা, জনস্বার্থ ইত্যাদি বিবেচনায় গবেষণা প্রস্তাব মূল্যায়নে প্রেরণ নাও করতে পারেন। এক্ষেত্রে গবেষণা প্রস্তাব মূল্যায়নে প্রেরণ না করার সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক গবেষণা ব্যবস্থাপনা কমিটি একটি কার্যবিবরণী প্রস্তুত করবে।

৫. প্রতিটি গবেষণা প্রস্তাব মন্ত্রণালয় বর্হিভূত কমপক্ষে ০২ জন বিষয়বস্তু বিশেষজ্ঞ মূল্যায়নকারী কর্তৃক মূল্যায়ন করা হবে এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মূল্যায়নকারীগণের গড় নম্বরের উপর ভিত্তি করে একটি সমন্বিত স্কোর তৈরিপূর্বক বিবেচনা করা হবে।

৬. যে সকল ব্যক্তি/প্রতিষ্ঠান গবেষণা প্রস্তাব দাখিল করবেন, তাঁরা প্রাথমিক বাছাইকারী বা মূল্যায়নকারী সদস্য হতে পারবেন না এবং মূল্যায়নকারী দুইজন ব্যক্তি একই প্রতিষ্ঠানের হতে পারবেন না।

৭. মূল্যায়কারীগণের নিকট গবেষকের নাম ও পরিচয়বিহীন (anonymous) গবেষণা প্রস্তাব মূল্যায়নের জন্য প্রেরণ করা হবে।

৮. মূল্যায়নকারী গবেষণা সংক্রান্ত সকল তথ্য গোপন রাখবেন মর্মে পরিশিষ্ট-৬ অনুযায়ী একটি অঙ্গীকারনামা প্রদান করবেন।

৯. প্রতিটি গবেষণা প্রস্তাব ৭৫ নম্বরের ভিত্তিতে (সাধারণ-২৫, কারিগরি-৫০) কারিগরি মূল্যায়ন করা হবে। মূল্যায়কারীগণ (পরিশিষ্ট-৭) এ সংযুক্ত নির্ধারিত কাঠামো অনুসরণ করে গবেষণা প্রস্তাব মূল্যায়ন করবেন। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রয়োজন অনুসারে এ কাঠামোর পরিবর্তন করতে পারবে।

১০. বর্হিভূত ০২ জন বিষয়বস্তু বিশেষজ্ঞ দ্বারা প্রতিটি গবেষণা প্রস্তাবে প্রদত্ত নাম্বারের উপর ভিত্তি করে একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে (short-list) এবং সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রস্তাবসমূহ গবেষণা কমিটিতে উপস্থাপন করা হবে।

১১. মূল্যায়নকারী দুইজনের মধ্যে মূল্যায়নের ক্ষেত্রে ৩০%-এর অধিক বৈসাদৃশ্য পরিলক্ষিত হলে গবেষণা ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে তৃতীয় মূল্যায়নকারীর নিকট গবেষণা প্রস্তাব প্রেরণ করা হবে। এক্ষেত্রে তৃতীয় মূল্যায়নকারীর নম্বর পূর্বের দু জন মূল্যায়নকারীর নম্বরের মধ্যে যার সাথে অধিক সামঞ্জস্যপূর্ণ হবে, সে দুইটি নম্বরের গড়ই চূড়ান্ত নম্বর বলে বিবেচিত হবে।

১২. গবেষণা কমিটি ২৫ নম্বরের একটি উপস্থাপনা (Presentation) মূল্যায়ন করবেন এবং বিশেষজ্ঞ মূল্যায়ন এবং উপস্থাপনা মূল্যায়নের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সমন্বিত স্কোর প্রস্তুত করবেন।

১৩. গবেষণা প্রস্তাবসমূহের বিষয়বস্তু বিশেষজ্ঞ ও উপস্থাপনা মূল্যায়ন হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে গবেষণা কমিটি গবেষণা প্রস্তাবসমূহ পরীক্ষা-নিরীক্ষা করার পর সুপারিশকৃত গবেষণা প্রস্তাব সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য সুপারিশ করবেন।

**২.১০ গবেষণা প্রস্তাব অনুমোদন আদেশ জারি, চুক্তিনামা স্বাক্ষর ও গবেষণা অনুদান হস্তান্তর**

১. গবেষণা প্রস্তাব অনুমোদনের পর প্রতিটি অনুমোদিত গবেষণা প্রস্তাবের অনুকূলে দপ্তর আদেশ জারি করা হবে।

২. প্রতিটি গবেষণা সম্পন্ন করার লক্ষ্যে গবেষণা সংস্থা/গবেষক দলনেতার সাথে চুক্তিনামা স্বাক্ষর করা হবে (পরিশিষ্ট-৮)। পানি সম্পদ মন্ত্রণালয়ের পক্ষে যুগ্ম সচিব, রিফর্ম ম্যানেজমেন্ট ও পলিসি রিসার্চ ইউনিট চুক্তিতে স্বাক্ষর করবেন।

৩. বেসরকারী সংস্থা/বিদেশী অর্থায়নের ক্ষেত্রে ২.১০.২ এর অধীনে সম্পাদিত চুক্তিতে অর্থায়নকারী সংস্থা/ প্রতিষ্ঠানের প্রতিনিধি পক্ষ হিসেবে অন্তর্ভূক্ত হবেন।

৪. দপ্তর আদেশ জারির তারিখ থেকে গবেষণা কার্যক্রম শুরু হয়েছে মর্মে গণ্য হবে।

৫. দপ্তর আদেশ জারির ১৫ দিনের মধ্যে গবেষণা অনুদানের প্রথম কিস্তি ছাড় করা যাবে।

**২.১১ গবেষণা কার্যক্রম মূল্যায়ন**

(ক) প্রতিটি গবেষণা পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য গবেষণা কমিটি পরিবীক্ষক/মূল্যায়ক নির্ধারণ করবে।

(খ) গবেষণা কমিটি কর্তৃক মনোনীত মূল্যায়নকারীগণ গবেষণা প্রস্তাবে বর্ণিত উদ্দেশ্য ও পরিধির আলোকে গবেষণা কার্যক্রম পরিবীক্ষণ এবং মধ্যবর্তী ও চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়ন করবেন।

(গ) মূল্যায়নের উদ্দেশ্যে গবেষণা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বিশদ গবেষণা ক্ষেত্র অনুযায়ী দুইজন বিষয়বস্তু বিশেষজ্ঞ কর্তৃক প্রতিটি গবেষণা প্রতিবেদন মূল্যায়ন করা হবে। কমপক্ষে দুইজন বিশেষজ্ঞ দ্বারা গবেষণা প্রতিবেদন মূল্যায়ন করতে হবে। উল্লেখ্য, যে সকল সংস্থার কর্মকর্তা

গবেষণা কর্মে নিযুক্ত থাকবেন, তাঁরা কোনো গবেষণা প্রতিবেদনের মূল্যায়নকারী হবেন না এবং গবেষণা ব্যবস্থাপনা কমিটির কোনো সদস্য কোনো গবেষণা প্রতিবেদনের কারিগরি মূল্যায়নকারী হবেন না।

(ঘ) মূল্যায়কারীগণের নিকট গবেষকের নাম ও পরিচয়বিহীন (anonymous) গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য প্রেরণ করা হবে।

(ঙ) গবেষণা ক্ষেত্র অনুযায়ী একাধিক মূল্যায়নকারীর একটি প্যানেল ঠিক করতে পারবেন। এ প্যানেল পরিবর্তনযোগ্য।

(চ) মূল্যায়ন প্যানেলের অন্তর্ভুক্ত দুইজন সদস্যকে নির্ধারিত মূল্যায়ন কাঠামোসহ (পরিশিষ্ট-৮) গবেষণা প্রতিবেদন প্রেরণ করবেন। তবে, গবেষণা কমিটির অনুমোদনক্রমে পরিবর্তিত পরিস্থিতিতে সময়ে সময়ে এ কাঠামোর পরিবর্তন করতে পারবে এবং গবেষণা প্রতিবেদন মূল্যায়নের কাজে ব্যবহার করতে পারবে।

(ছ) মূল্যায়নকারী গবেষণা সংক্রান্ত সকল তথ্য গোপন রাখবেন মর্মে একটি অঙ্গীকারনামা প্রদান করবেন (পরিশিষ্ট-৬)।

(জ) মূল্যায়নকারীগণ তাঁদের মূল্যায়ন প্রতিবেদন জমা প্রদানের পর প্রযোজ্যক্ষেত্রে তা সংশ্লিষ্ট গবেষককে প্রেরণের প্রয়োজন হলে, আবশ্যিকভাবে প্রেরণের পূর্বে মূল্যায়নকারীগণের নাম ও ঠিকানা গোপন রেখে প্রেরণ করতে হবে।

(ঝ) মূল্যায়নকারীগণ তাঁদের মূল্যায়ন প্রতিবেদনে বিস্তর পরিমার্জন (major revision) এর পক্ষে মত দিলে, গবেষক কর্তৃক প্রতিবেদন পরিমার্জনের পর তা পুনরায় সংশ্লিষ্ট মূল্যায়নকারীর নিকট তার চূড়ান্ত মন্তব্য গ্রহণের জন্য প্রেরণ করতে হবে। তবে অল্পবিস্তর পরিমার্জন (minor revision)-এর পক্ষে মতামত প্রদান করলে পুনরায় সংশ্লিষ্ট মূল্যায়নকারীর নিকট প্রেরণ করতে হবে না।

(ঞ) মূল্যায়নকারী দুইজনের মধ্যে সামগ্রিক মূল্যায়নে গবেষণা প্রতিবেদন গ্রহণের ক্ষেত্রে বৈসাদৃশ্য (Accepted vs Rejected) পরিলক্ষিত হলে গবেষণা ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে তৃতীয় মূল্যায়নকারীর নিকট গবেষণা প্রতিবেদন প্রেরণ করা হবে। এক্ষেত্রে তৃতীয় মূল্যায়নকারীর সিদ্ধান্ত পূর্বের মূল্যায়নকারীদের সিদ্ধান্তের মধ্যে যার সাথে অধিক সামঞ্জস্যপূর্ণ হবে, সে দুইটি সিদ্ধান্তের ওপর ভিত্তি করে চূড়ান্ত বিবেচিত হবে।

(ট) প্রতিটি গবেষণা প্রতিবেদন সংশ্লিষ্ট মূল্যায়কারীগণের মতামতের ভিত্তিতে গবেষণা কমিটি উপযুক্ত মনে করলে অনুমোদন করবেন। মূল্যায়নকারীগণের নিকট গবেষণা প্রতিবেদন গ্রহণযোগ্য কিংবা উপযুক্ত না হলে, গবেষণাটি বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে গবেষক কর্তৃক গৃহীত সকল অর্থ ফেরৎ প্রদান করতে হবে।

(ঠ) গবেষণা প্রতিবেদন মূল্যায়নকারীদের নিকট বাতিল বলে গণ্য হলে, প্রধান গবেষক এ বিষয়ে কর্তৃপক্ষ বরাবর আপিল করতে পারবেন। আপিল দাখিল করলে, কর্তৃপক্ষ পুনরায় মূল্যায়নের জন্য মূল্যায়ন প্যানেলের অন্তর্ভুক্ত একজন সদস্যকে নির্ধারিত মূল্যায়ন কাঠামোসহ (পরিশিষ্ট-৭) গবেষণা প্রতিবেদন প্রেরণ করতে হবে। মূল্যায়ন ফলাফল প্রাপ্তি সাপেক্ষে গবেষণা কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

(ড) কোনো গবেষণা/গবেষণা প্রতিবেদন মূল্যায়নকারীগণ কর্তৃক বাতিল বলে গণ্য হলে গবেষণা কমিটি সুপারিশ/মতামতসহ বিষয়টি সভায় উপস্থাপন করবেন। এক্ষেত্রে গবেষণা কমিটির সভার সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**২.১২ গবেষণা প্রকল্প ভিত্তিক তত্ত্বাবধায়ক নিয়োগ:**

গবেষণা কার্যের অগ্রগতি পর্যালোচনা, মান নিয়ন্ত্রণ, নিবিড়ভাবে পর্যালোচনা এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে গবেষণা কমিটির সুপারিশের ভিত্তিতে প্রতিটি গবেষণার জন্য একজন গবেষণা তত্ত্বাবধায়ক নিয়োগ করতে হবে। তত্ত্বাবধায়ক গবেষণা প্রস্তাবনা অনুমোদনের পর হতে চূড়ান্ত প্রতিবেদন অনুমোদন পর্যন্ত গবেষণার সকল ধাপে গবেষক/গবেষকগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন। তত্ত্বাবধায়ক-এর পরামর্শ সংশ্লিষ্ট গবেষক/গবেষকগণকে প্রতিপালন করতে হবে। তত্ত্বাবধায়ক-এর সম্মানী মন্ত্রণালয় হতে প্রদান করা হবে। গবেষণা তত্ত্বাবধায়ক পানি সম্পদ মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থা/প্রতিষ্ঠান-বহির্ভূত যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ ব্যক্তিত্ব বা গবেষক বা শিক্ষাবিদ হতে পারবেন, যার গবেষণা সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা অথবা ২ (দুই) টি গবেষণাকর্ম সম্পাদনের পূর্ব অভিজ্ঞতা থাকবে। তবে শর্ত থাকে যে একজন তত্তাবধায়কের অধীনে এক অর্থবছরে অনুদানপ্রাপ্ত ১ (এক) টির বেশি গবেষণা কার্যক্রম তত্ত্বাবধান করা যাবে না।

**২.১৩ গবেষণা প্রকল্প ভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ**

গবেষণা প্রকল্প নিবিড়ভাবে পর্যবেক্ষণের স্বার্থে গবেষণা কমিটি সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে গবেষণা প্রকল্প ভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করতে পারবেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা গবেষণা কার্যক্রম পরিদর্শণ (পরিশিষ্ট-৯) পূর্বক প্রতিবেদন দাখিল করবেন। এছাড়া, ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিম্নরূপ দায়িত্বাবলী পালন করবেন-

(ক) ফোকাল পয়েন্ট কর্মকর্তা অনুদান প্রদানকারী সংস্থা/মন্ত্রণালয় এবং গবেষকদের মধ্যে যোগাযোগের মাধ্যম হিসেবে কাজ করবেন;

(খ) গবেষণা প্রকল্পের গুণমান এবং প্রভাব (impact) বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদান করবেন;

(গ) অনুদানের চেক/কিস্তি ছাড়ের ক্ষেত্রে পূর্ববর্তী ব্যয়/ভাউচার পরীক্ষা করবেন এবং গবেষণা কমিটিকে অর্থ ছাড়ের বিষয়ে সুপারিশ করবেন;

(ঘ) প্রধান গবেষক/গবেষকগণ কর্তৃক প্রেরিত অগ্রগতি প্রতিবেদন (পরিশিষ্ট-১০) পর্যালোচনা করবেন ও গবেষণা কমিটি বরাবর মতামত/সুপারিশ প্রদান করবেন;

(ঙ) গবেষণা প্রকল্পে উদ্ভূত যেকোনো সমস্যা সমাধানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন এবং মন্ত্রণালয়/সংস্থাকে অবহিত করবেন;

(চ) গবেষণা প্রকল্প স্থবির বা গতিশীল না হলে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

**২.১৪ গবেষণার চূড়ান্ত প্রতিবেদন পর্যালোচনা**

(ক) চূড়ান্ত গবেষণা প্রতিবেদনসমূহ (পরিশিষ্ট-১১) পর্যালোচনার উদ্দেশ্যে গবেষণা কমিটি কর্তৃক প্রতি বছর এক বা একাধিক গবেষণা সেমিনার আয়োজন করা হবে;

(খ) গবেষণা কমিটিতে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট গবেষক গবেষণা প্রতিবেদনের প্রয়োজনীয় সংখ্যক হার্ড কপি এবং সফটকপি দাখিল করবেন। পরিমার্জিত ও চূড়ান্তভাবে দাখিলকৃত মান সম্পন্ন থিসিস বাঁধাই করা গবেষণা প্রতিবেদন গ্রন্থাগারে সংরক্ষণ করা হবে (পরিশিষ্ট-১১) এর নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণীয়);

(গ) প্রতিটি গবেষণা প্রতিবেদন সংশ্লিষ্ট মূল্যায়নকারীগণের মতামত অনুসারে গবেষণা কমিটি কর্তৃক চূড়ান্ত প্রতিবেদন অনুমোদিত হবে এবং ছক অনুসারে মতামত সংরক্ষিত হবে (পরিশিষ্ট-১২)। প্রদত্ত মতামতের গোপনীয়তা রক্ষার্থে মূল্যায়নকারী অঙ্গীকারনামা প্রদান করবেন (পরিশিষ্ট-৬);

(ঘ) গবেষণাকারীর স্বাক্ষর এবং গবেষণা মূল্যায়নকারীর প্রতিস্বাক্ষর সম্বলিত Plagiarism Checker Report সহ প্রতিটি গবেষণা প্রতিবেদন দাখিল করতে হবে;

(ঙ) প্রয়োজনে দেশি/বিদেশি বিশেষজ্ঞের মতামত গ্রহণের লক্ষ্যে তাঁদের অনলাইনে যুক্ত করা যাবে।

### ২.১৫ গবেষণা প্রতিবেদনের স্বত্ব

পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত গবেষণা প্রতিবেদনের স্বত্ব পানি সম্পদ মন্ত্রণালয়ের নিকট ন্যস্ত থাকবে। প্রযোজ্য ক্ষেত্রে আবেদনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে গবেষণা পরিচালনাকারী সংস্থা/দলকে Co-Ownership প্রদান করা যেতে পারে। তবে, গবেষণা প্রকাশ করার ক্ষেত্রে সর্বদা 'পানি সম্পদ মন্ত্রণালয়ের বাজেটে পরিচালিত গবেষণা কার্যক্রম' উল্লেখ করতে হবে। এছাড়া, বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property) ও কপিরাইট (Copyright)-সংক্রান্ত বিষয়ে 'কপিরাইট আইন, ২০০০' এবং এ সংক্রান্ত প্রচলিত অন্যান্য আইন ও বিধি-বিধান অনুসরণ করতে হবে।

## তৃতীয় অধ্যায়: গবেষণা কার্যক্রমের আর্থিক ব্যবস্থাপনা

### ৩.১ তহবিলের উৎস

নিম্নলিখিত উৎসসমূহ থেকে গবেষণা তহবিল গঠিত হবে—

(ক) পানি সম্পদ মন্ত্রণালয়/আওতাধীন সংস্থার বাজেটের গবেষণা কোডে প্রাপ্ত গবেষণা উপ-খাতে বরাদ্দকৃত অর্থ; এবং

(খ) দেশি ও বিদেশি সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক গবেষণা পরিচালনার জন্য প্রদত্ত অর্থ।

### ৩.২ সম্মানি

(ক) পানি সম্পদ মন্ত্রণালয়/আওতাধীন সংস্থার গবেষণা উপ-খাতে বরাদ্দকৃত অর্থ হতে নিম্নরূপ সম্মানি প্রদান করা হবে-

i. প্রতিটি মধ্যবর্তী গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য মূল্যায়নকারী বিশেষজ্ঞ সদস্য (২ জন) ৪,০০০/- (চার হাজার) টাকা হারে সম্মানি পাবেন;

ii. গবেষণা তত্ত্বাবধায়ক একটি প্রকল্পে তার সার্বিক কার্যক্রমের জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা হারে সম্মানি পাবেন;

iii. প্রতিটি চূড়ান্ত গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য মূল্যায়নকারী বিশেষজ্ঞ সদস্য (২ জন) ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে সম্মানি পাবেন;

iv. গবেষণা কমিটির সভায় উপস্থিত প্রত্যেক সদস্য ২,০০০/- (দুই হাজার) টাকা হারে সম্মানি পাবেন।

v. গবেষণাসমূহের চূড়ান্ত প্রতিবেদন পর্যালোচনার উদ্দেশ্যে আয়োজিত সেমিনারের সভাপতি ও আলোচকগণ অর্থবিভাগ কর্তৃক নির্ধারিত হারে সম্মানি প্রাপ্য হবেন।

(খ) বিদেশি অর্থায়নে পরিচালিত গবেষণার ক্ষেত্রে অর্থ দাতাদের সঙ্গে আলোচনা করে সম্মানির পরিমাণ ও অন্যান্য বিষয় নির্ধারণ করা হবে।

### ৩.৩ গবেষণা বাজেট বিভাজন

(ক) প্রতিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের সর্বোচ্চ ৩০% অর্থ গবেষণা পরিচালনাকারী গবেষক, সহ-গবেষক, গবেষণা সহযোগী ও সদস্যগণ সম্মানি হিসেবে প্রাপ্য হবেন। উক্ত সম্মানি নিম্নরূপভাবে বিভাজিত হবে—

i. গবেষণা পরিচালনাকারী গবেষকের সম্মানি- সর্বোচ্চ ১০%;

ii. সহ-গবেষকের সম্মানি (২ জন)- সর্বোচ্চ ১০%; এবং

iii. গবেষণা সহযোগী ও সহকারীদের সম্মানি (৩ জন)- সর্বমোট ১০%

(খ) গবেষণা সহায়তা ব্যয়ের ক্ষেত্রে যাতায়াত ও দৈনিক ভাতা (সরকারি দৈনিক ভাতার সঙ্গে সামঞ্জস্য রেখে), গবেষণা প্রস্তাব খসড়া (৫ কপি) ও চূড়ান্ত প্রতিবেদন (৫ কপি) মুদ্রণ ব্যয়, তথ্য সংগ্রহ, তথ্য বিশ্লেষণ, খসড়া ও চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও পুনর্মুদ্রণ, প্রচ্ছদ ও বাঁধাই ব্যয়, স্টেশনারি ও প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয় ইত্যাদি অন্তর্ভুক্ত করা যাবে; এবং

(গ) গবেষণা কার্যক্রমের মেয়াদ একাধিক অর্থবছরব্যাপী হলে ব্যয় বিভাজন প্রতি অর্থবছর অনুসারে করতে হবে। উক্ত মেয়াদ ও ব্যয় বিভাজন গবেষণা কমিটির সুপারিশক্রমে সচিব কর্তৃক প্রতি অর্থবছরে অনুমোদন করা হবে। এক্ষেত্রে আর্থিক সংস্কার ও প্রকল্প বাস্তবায়ন-সংক্রান্ত বিধি বিধান অনুসরণ করতে হবে।

### ৩.৩.১ গবেষণা ১৪ কর্মের বাজেট বিভাজন

একটি গবেষণা কর্মের বাজেট বিভাজনে নিম্নলিখিত খাতসমূহ অন্তর্ভুক্ত থাকতে পারবে:

(ক) গবেষণা দলের সম্মানী: প্রধান গবেষক, সহযোগী গবেষক, গবেষণা সহযোগী/সদস্য, পরামর্শক সম্মানী প্রাপ্য হবেন।

(খ) গবেষণা নির্বাহ ব্যয়:

(গ) গবেষণার নমুনা সংগ্রহ ব্যয় (তথ্য সংগ্রহকারী/ গবেষণা সহকারীগণের সম্মানী, গবেষণা দলের যাতায়াত ও দৈনিক ভাতা (যদি প্রয়োজন হয়), তথ্য সংগ্রহকারী/গবেষণা সহকারীগণের প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয়, তথ্য সংগ্রহকারী/ গবেষণা সহকারীগণের জন্য টুলকিট, প্রশ্নমালা প্রিন্টিং ও ফটোকপি, ফোকাস গ্রুপ ডিসকাশন আয়োজন ইত্যাদি);

(ঘ) তথ্য প্রক্রিয়াকরণ ব্যয় (ট্রান্সক্রিপশন তৈরি/ ডাটা এন্ট্রি/ডাটা এনালাইসিস);

(৩) স্টেশনারি আইটেম;

(৪) গবেষণার প্রতিবেদন প্রিন্টিং, ফটোকপি ও বাঁধাই;

(৫) গবেষণার সমাপ্তি প্রতিবেদন মূল্যায়নকারীদের সম্মানী ব্যয়;

(৬) আনুষঙ্গিক ব্যয় (মোট বাজেটের ৫% এর বেশি নয়);

### ৩.৩.২ গবেষণা কর্মে যুক্ত গবেষণা দলের সদস্যগণের সম্মানী ও গবেষণা সংক্রান্ত সেমিনার ব্যয়

(ক) প্রতিটি অনুমোদিত গবেষণা কর্মের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের সর্বোচ্চ ৩০% অর্থ গবেষণা দলের সম্মানী হিসেবে ব্যয় করা যেতে পারে।

(খ) বিদেশি এবং মন্ত্রণালয়ের বাজেট কোড বহির্ভূত উৎসের অর্থায়নে পরিচালিত গবেষণার ক্ষেত্রে অর্থদাতাদের সাথে গবেষণা ব্যবস্থাপনা কমিটি আলোচনা সাপেক্ষে গবেষণা দলের সম্মানীর

পরিমাণ ও অন্যান্য শর্ত নির্ধারণ করবে, যা সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হতে হবে।

(গ) গবেষণার বিষয় নির্বাচন, গবেষণা প্রস্তাব পর্যালোচনাপূর্বক প্রাথমিক বাছাই, গবেষণা প্রকল্পের মধ্যবর্তী ও চূড়ান্ত প্রতিবেদন পর্যালোচনা ইত্যাদি বিষয়ে গবেষণা কমিটি প্রয়োজনবোধে ওয়ার্কশপ/সেমিনার আয়োজন করতে পারবে। এ সংক্রান্ত ব্যয় অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত বিধি-বিধান অনুযায়ী মন্ত্রণালয়/সংস্থার ওয়ার্কশপ/সেমিনার খাতের বরাদ্দ হতে নির্বাহ করা হবে।

(ঘ) গবেষণা প্রচার (Dissemination) সংক্রান্ত সেমিনার আয়োজনের ক্ষেত্রে সকল ব্যয় মন্ত্রণালয়/সংস্থার ওয়ার্কশপ/সেমিনার খাত থেকে নির্বাহ করা হবে এবং এ সকল ব্যয় কোনো গবেষণার বাজেটে বিভাজনের অংশ হবে না। সেমিনার সংক্রান্ত ব্যয় অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত বিধি-বিধান অনুযায়ী করতে হবে।

### ৩.৪ গবেষণা কার্যক্রমের অর্থ প্রদান, হিসাব সংরক্ষণ ও সমন্বয়করণ

(ক) অনুমোদিত গবেষণা কার্যক্রমের অর্থ নিম্নবর্ণিত বিভাজন অনুযায়ী গবেষণা পরিচালনাকারী দল নেতা গবেষকের অনুকূলে প্রদান করা হবে-

| ক্রমিক | গবেষণার সময়সীমা (মাস) | অগ্রগতি প্রতিবেদন জমা | অর্থ ছাড় |
|---|---|---|---|
| I. | ১২ | ১ম - Inception Report প্রাপ্তির পর অগ্রিম হিসেবে | ১ম- ৩০% |
| | | ২য়/চূড়ান্ত - চূড়ান্ত প্রতিবেদন দাখিলের পর | ২য়- ৭০% |
| II. | ১৮ | ১ম - Inception Report প্রাপ্তির পর অগ্রিম হিসেবে | ৩০% |
| | | ২য় - ৯ম মাসে | ২য়- ৪০% |
| | | ৩য়/চূড়ান্ত - চূড়ান্ত প্রতিবেদন দাখিলের পর | ৩য়- ৩০% |
| III. | ২৪ | ১ম - Inception Report প্রাপ্তির পর অগ্রিম হিসেবে | ১ম- ৩০% |
| | | ২য় - ১২তম মাসে | ২য়-৪০% |
| | | ৩য়/ চূড়ান্ত - চূড়ান্ত প্রতিবেদন দাখিলের পর | ৩য়- ৩০% |

iv. সকল আর্থিক লেনদেন শুধুমাত্র Account Payee চেকের মাধ্যমে সম্পন্ন করা হবে;

v. চূড়ান্ত প্রতিবেদন দাখিলের ক্ষেত্রে খসড়া গবেষণা প্রতিবেদন (প্রয়োজনীয় সংখ্যক কপি) জমা প্রদান, গবেষণা কমিটি কর্তৃক প্রতিবেদন অনুমোদনের পর ৫ কপি চূড়ান্ত প্রতিবেদন জমা দেওয়ার পর তৃতীয় কিস্তির অবশিষ্ট শতকরা ৩০ ভাগ অর্থ প্রদান করা যাবে। উল্লেখ্য, সেমিনার আয়োজন করা হলে গবেষকগণ স্ব স্ব গবেষণাভিত্তিক সংক্ষিপ্ত রিপোর্ট এর প্রয়োজনীয় সংখ্যক কপি প্রেরণ করবেন।

(খ) একাধিক অর্থবছরব্যাপী পরিচালিত গবেষণার ক্ষেত্রে গবেষণা পরিচালনাকারী গবেষক ৩০ মে এর মধ্যে প্রযোজ্য প্রতিবেদন উপস্থাপন করে সংশ্লিষ্ট অর্থবছরের জন্য বরাদ্দকৃত অর্থ ছাড়করণের আবেদন করবেন;

(গ) গবেষণা পরিচালনাকারী গবেষক ব্যয়কৃত অর্থের ভাউচার, রশিদ, ব্যয়বিবরণী ইত্যাদি মন্ত্রণালয়ে জমা দিয়ে গৃহীত অগ্রিম সমন্বয় করবেন। পূর্বে গৃহীত অর্থের সমন্বয় না করা পর্যন্ত পরবর্তী কিস্তির অর্থ ছাড় করা যাবে না। সংশ্লিষ্ট অর্থ বছরের মে মাসের মধ্যে এবং জুন মাসের পূর্বে গৃহীত অর্থ সমন্বয় করতে হবে;

### ৩.৪.১ গবেষণা প্রকল্প পরিদর্শন ব্যয়

(ক) গবেষণা প্রকল্পটি প্রয়োজনীয়তার নিরিখে গবেষণা কমিটির সদস্য কর্তৃক সরেজমিন পরিদর্শন করা যেতে পারে।

(খ) গবেষণা প্রকল্প পরিদর্শনের নিমিত্ত ভ্রমণ ব্যয় মন্ত্রণালয়/সংস্থার ভ্রমণ খাতের বাজেট হতে নির্বাহ করতে হবে।

### ৩.৫ গবেষণা কার্যক্রমে নিয়োজিত গবেষকদের লিখিত অঙ্গীকারনামা দাখিল

(ক) গবেষণা কার্যক্রমে নিয়োজিত গবেষণা পরিচালনাকারী গবেষক ও গবেষণা সহেযোগীদের প্রত্যেকে এই মর্মে লিখিত অঙ্গীকার দাখিল করবেন যে - গবেষণা সংশ্লিষ্ট সকল কার্যক্রমে কুম্ভীলকবৃত্তি (Plagiarism) পরিহার করবেন; গবেষণার কোন ক্ষেত্রে কুম্ভীলকবৃত্তি (Plagiarism) গোচরীভূত হলে সমূদয় অর্থ ফেরত প্রদান করতে বাধ্য থাকবেন, একই সাথে প্রশাসনিক ও আইনী পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে গবেষক ও তাঁর দল অবহিত রয়েছেন, তাঁরা নির্দিষ্ট সময়ে গবেষণার কাজ সম্পাদনে সর্বাত্মক চেষ্টা করবেন এবং কোনো কারণে গবেষণা অসম্পূর্ণ রেখে গবেষণা থেকে অব্যাহতি নিলে গৃহীত সম্মানি পানি সম্পদ মন্ত্রণালয়ে ফেরত প্রদান করতে বাধ্য থাকবেন;

(খ) গবেষণায় পরিচালিত কার্যক্রম এবং প্রকাশিত ফলাফল/মতামত/সুপারিশের দায় একান্তভাবে গবেষকের নিজস্ব, এক্ষেত্রে পানি সম্পদ মন্ত্রণালয় কোনো দায়দায়িত্ব বহন করবে না এই মর্মে লিখিত অঙ্গীকার গ্রহণ করতে হবে; এবং

(গ) অনুমোদিত গবেষণায় নিয়োজিত গবেষকদের পরিবর্তনের ক্ষেত্রে গবেষণা কমিটির অনুমোদন নিতে হবে।

### ৩.৬ গবেষণা কার্যক্রমে গৃহীত অর্থের জবাবদিহিতা

(ক) নির্ধারিত সময়সীমার মধ্যে কোনো গবেষণা প্রতিবেদন গবেষণা কমিটির নিকট জমা প্রদান না করা হলে কিংবা গবেষণা কমিটি কর্তৃক জমাকৃত গবেষণা বাতিল হলে সংশ্লিষ্ট গবেষণাখাতে গৃহীত সমুদয় অর্থ গবেষণা সংস্থা/ গবেষণা পরিচালনাকারী গবেষক ফেরত দিতে বাধ্য থাকবেন;

